

^১[৩৩। নথিপত্র সংরক্ষণের মেয়াদ।- ^২(১) যে নিবন্ধিত ব্যক্তির ধারা ৩১ এর অধীন কোন নথিপত্র সংরক্ষণের বাধ্যবাধকতা রহিয়াছে, তাহাকে উক্ত নথিপত্র যে করমেয়াদ সম্পর্কিত সেই করমেয়াদ সমাপ্তির পরবর্তী অনূ্যন ^৩[৬(ছয়)] বছর উহা বাংলাদেশে সংরক্ষণ করিতে হইবে; তবে, নিবন্ধিত ব্যক্তির বিরুদ্ধে এই আইনে দায়েরকৃত যে কোন মামলা অনিষ্পন্ন থাকিলে, উক্ত মামলা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মামলা সংশ্লিষ্ট কর মেয়াদের নথিপত্র সংরক্ষণ করিতে হইবে।]

^৪[২) উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারীকে বিধিতে উল্লিখিত দলিলাদি অনূ্যন ৬ (ছয়) বছর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে।]

^১। অর্থ আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের নং আইন) এর ধারা ৭(১০) বলে ধারা ৩৩ এর পরিবর্তে প্রতিস্থাপিত।

^২। অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮-২(ক) বলে বিদ্যমান বিধানটি উপ-ধারা (১) হিসাবে সংখ্যায়িত।

^৩। অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮-২(খ) বলে "চার" শব্দের পরিবর্তে "৬ (ছয়)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত।

^৪। অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮-২(খ) বলে ন-তন উপ-ধারা (২) সংযোজিত।